

## চার বিশ্ববিদ্যালয়ে অস্থিরতা

কুমিল্লায় উপাচার্যকে অবরুদ্ধ, রাজশাহীতে পাল্টাপাল্টি ধাওয়া, খুলনায় অনশন, জাহাঙ্গীরনগরে প্রশাসনিক ভবন অবরোধ

প্রথম আলো ডেভ •

দেশের চারটি বিশ্ববিদ্যালয়ে অস্থিরতায় ছয় উঠেছে। শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী নিয়ে অনিয়ম, দুর্নীতি ও স্বৈচ্ছাচারিতায় অভিযুক্তদের বিচারসহ ১০ দফা দাবিতে পতকাল, মকলবাস, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে আট ঘণ্টা অবরুদ্ধ করে রাখে বসবস্তু পরিষদ। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল ও পুলিশের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়ার ঘটনায় ছাত্রদলের পাঁচ কর্মী ও এক ব্যবসায়ী আহত হয়েছেন। পরীক্ষা ওর দাবিতে অনশনের তৃতীয় দিনে খুলনা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান কুলের ২৭ শিক্ষার্থী অসুস্থ হয়ে

পড়েছেন। এদিকে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের দাবিতে গতকাল ১৭তম দিনে প্রশাসনিক ভবন অবরোধ করে রাখে শিক্ষক সমিতি। প্রথম আলোর নিজস্ব প্রতিবেদক, অফিস ও প্রতিনিখিনের পাঠানো ববর কুমিল্লা: ১০ দফা দাবিতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আমির হোসেন খানকে গতকাল আট ঘণ্টা তালা দিয়ে অবরুদ্ধ করে রাখে সরকার-সমর্থক শিক্ষকদের সংগঠন 'বসবস্তু পরিষদ'। এ সময় উপাচার্যের কক্ষে আটকা পড়েন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও প্রটর। বিকৃত শিক্ষকেরা সকাল ১০টা থেকে এরপর পৃষ্ঠা ২১ কলাম ৫

## চার বিশ্ববিদ্যালয়ে অস্থিরতা

শেষ পৃষ্ঠার পর বিকেল পাঁচটা পর্যন্ত উপাচার্যের দপ্তরে তালা দিয়ে দেখানে অবস্থান নেন। উক্ত পরিস্থিতিতে অধিকাংশ বিভাগে ক্লাস ও পরীক্ষা হয়নি। আজ বুধবারও সকাল ১০টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত একই দাবিতে তালা দেওয়ার ঘোষণা দিয়েছেন আন্দোলনরত শিক্ষকেরা। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক এ কে এম রায়হান উদ্দিন বলেন, শিক্ষক সমিতি এ আন্দোলনে নেই। বসবস্তু পরিষদের সভাপতি জি এম মনিরুজ্জামান বলেন, ৭ জুলাইয়ের মধ্যে ১০ দফা দাবি পূরণের জন্য সময়সীমা বেঁধে দেওয়া হয়। নির্ধারিত সময়ে দাবি পূরণ না করে উপাচার্য শিক্ষকদের হুমকি দেন। পরে আমরা উপাচার্যকে ২৪ ঘণ্টার সময়সীমা দিই। এতেও তিনি সত্যা না দেওয়ার শিক্ষকেরা আন্দোলনে যেতে বাধ্য হয়েছেন। এ ব্যাপারে উপাচার্য আমির হোসেন খানকে একাধিকবার ফোন করা হলেও তিনি ফোন ধরেননি। রাজশাহী: রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল ও পুলিশের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়ার ঘটনা ঘটেছে। গতকাল বেলা সোয়া ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের কাক্সলা গেটে এ ঘটনায় ছাত্রদলের পাঁচ কর্মী ও এক ব্যবসায়ী আহত হয়েছেন। এ সময় পুলিশ লাঠিপেটা ও ফাঁকা রাবার বুলেট ছুড়ে ছাত্রদলের নেতা-কর্মীদের হতভম্ব করে দেয়। ঘটনাস্থল থেকে আটটি মোটরসাইকেল ও পাঁচজনকে আটক করা হয়েছে বলে জানিয়েছেন নগরের মতিহার খানার ভারপ্রাপ্ত কর্মকর্তা অসিত কুমার ঘোষ। খুলনা: পরীক্ষা ওর দাবিতে শুরু করা অনশনের তৃতীয় দিনে খুলনা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান কুলের শিক্ষার্থীদের মধ্যে ২৭ জন অসুস্থ হয়ে পড়েছেন। অবস্থার অবনতি হওয়ায় চারজনকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। শিক্ষার্থীদের অসুস্থতা সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের হেলথ

সেন্টারের প্রধান মো. মোশাররফ হোসেন প্রথম আলোকে বলেন, তাঁরা দ্রুত অসুস্থ হয়ে পড়েছেন। অসুস্থ শিক্ষার্থী মিজী ওমর ফারুক বলেন, আমরা মারা গেলে স্যাররা খুশি হবেন। তা না হলে আমাদের জিখি করে তাঁরা রাজনীতি করতে পারতেন না। আমাদের একজন মারা গেলে তাঁদের রাজনীতি করতে সুবিধা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মোহাম্মদ ফারুক উজ্জ্বান প্রথম আলোকে বলেন, আমি শিক্ষকদের প্রতি বারবার আহ্বান জানাচ্ছি শিক্ষার্থীদের জিখি না করে তাঁদের পরীক্ষা নেওয়ার জন্য এগিয়ে আসেন। প্রশাসন সব ধরনের সহায়তা দেবে। আমি সকালে গিয়ে ওরুতর অসুস্থ দুজনকে হাসপাতালে নেওয়ার ব্যবস্থা করেছি। আমি আর কী করতে পারি। জীববিজ্ঞান কুলের তিন নিয়োগ নিয়ে শিক্ষকেরা বিধাবিভক্ত হয়ে পড়েন। ৩ জুলাই সংবাদ সংশ্লিষ্ট করে ৭ জুলাই বেলা একটার মধ্যে পরীক্ষার সুনির্দিষ্ট তারিখ ঘোষণা করা না হলে আমরা অনশনের হুমকি দেন শিক্ষার্থীরা। দাবি পূরণ না হওয়ায় জীববিজ্ঞান কুলের নাতটি ডিসিগিনের শিক্ষার্থীরা ওই দিন থেকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে অবস্থান নিয়ে আমরা অনশন শুরু করেন। জাহাঙ্গীরনগর: উপাচার্য অধ্যাপক মো. আনোয়ার হোসেনের পদত্যাগের দাবিতে ১৭তম দিনে গতকালও সকাল থেকে বেলা দুইটা পর্যন্ত প্রশাসনিক ভবন অবরোধ করে রাখেন শিক্ষক সমিতির সদস্যরা। গণমাধ্যমে ছাত্র ও শিক্ষকদের সম্পর্কে অনাকাঙ্ক্ষিত বক্তব্য প্রদান, একজন ছাত্রের মৃত্যুকে কেন্দ্র করে সংগঠিত ডাঙচুর এবং শিক্ষক লাক্ষনার যথাযথ বিচার না হওয়া, শিক্ষক নিয়োগে অনিয়ম, ভর্তি পরীক্ষার নীতিমালা অমান্য করা, বিশ্ববিদ্যালয়ের প্রাকৃতিক ভারসাম্য নষ্ট করা প্রভৃতি অভিযোগে উপাচার্যের পদত্যাগের দাবিতে গত ২০ দিন থেকে প্রশাসনিক ভবন অবরোধ কর্মসূচি পালন করছেন শিক্ষকেরা।